

বেসরকারী কলেজ
শিক্ষকগণ জুনের মধ্যে
অনুদান না পেলে
শিক্ষামন্ত্রী থাকবো
কিনা নতুনভাবে
চিন্তা করবো

—মাহবুবুর রহমান

II স্টাফ, রিপোর্টার II

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান অভ্যন্তরীণ জোরের সঙ্গে বলেছেন, 'আগামী জুনের মধ্যে বেসরকারী কলেজ শিক্ষকগণ সংশোধিত স্কেলের ৭০ শতাংশ সরকারী অনুদান না পেলে নতুনভাবে চিন্তা করবো শিক্ষামন্ত্রী থাকবো কিনা'।

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

মাহবুবুর রহমান

প্রথম পৃষ্ঠার পর গতকাল শিল্পকলা একাডেমীতে বাংলাদেশ বেসরকারী কলেজ শিক্ষক সমিতির দ্বিবার্ষিক জাতীয় সম্মেলন-৮৭তে বিশেষ অতিথির ভাষণে তিনি একথা বলেন। এর আগে মন্ত্রী মাহবুবুর রহমান প্রেসিডেন্ট এরশাদের বাণী পাঠ করে দু'দিনব্যাপী সম্মেলনের উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রেসিডেন্ট এরশাদ একটি বাণী প্রেরণ করেন। প্রেসিডেন্টের পক্ষে সম্মেলনে উপস্থিত থাকা সম্ভব নয় একথা জানাজানি হওয়ার পরই অনুষ্ঠানে আগত মন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেন এবং জনাব মাহমুদুল হাসান চলে যান। তবে প্রতিমন্ত্রীদ্বয় জনাব এম, এ, সাত্তার ও শেখ শহীদুল ইসলাম অনুষ্ঠানে উপস্থিত থাকেন। অনুষ্ঠানে প্রেসিডেন্ট না আসায় তাঁর জন্য তৈরী বিপুল পরিমাণ তাজা ফুলের মালা শিক্ষা মন্ত্রীকে পরিবেশিত হয় এবং রক্তনী গন্ধার একটি স্তবক তাঁর কাছে অর্পণ করা হয়। মন্ত্রীকে এক কপি পবিত্র কোরান উপহার এবং প্রেসিডেন্ট এরশাদকে পৌঁছে দেয়ার জন্য কলেজ শিক্ষক সমিতির একটি প্রতীক ও পঠিত মানপত্রের একটি কপি প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান তাঁর ভাষণে উল্লেখ করেন যে, মন্ত্রীত্ব গ্রহণের সময় তাঁকে শিক্ষা মন্ত্রণালয় না দেয়ার জন্য প্রেসিডেন্ট-এর কাছে তিনি তদবির করেন। এটাই ছিল তাঁর জীবনের প্রথম তদবির।

একই সময়ে অনেকে শিক্ষা মন্ত্রণালয় পাওয়ার জন্য তদবির করলেও প্রেসিডেন্ট একমাত্র তাঁকে এই মন্ত্রণালয়ের জন্য উপযুক্ত বিবেচনা করেন। তবে এখন শিক্ষা মন্ত্রী হিসেবে গর্বিত বলেও তিনি উল্লেখ করেন। তিনি শিক্ষা মন্ত্রণালয়ের সচিব যিনি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, তাঁকে উদ্দেশ্য করে বলেন যে, আপনারা যদি চান যে আমি শিক্ষামন্ত্রী থাকি তাহলে জুন মাসের মধ্যে শিক্ষকদের ৭০ শতাংশ টাকা প্রদানের ব্যবস্থা করেন।

সম্মেলনের সভাপতি কলেজ শিক্ষক সমিতি প্রধান অধ্যক্ষ এ কে এম শহিদুল্লাহ এর আগে তাঁর স্বাগত ভাষণে কলেজ পর্যায়ের শিক্ষা ব্যবস্থায় বিরাজমান বৈষম্যকে দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্যের সাথে তুলনা করেন। তিনি শিক্ষা মন্ত্রীর ইতিপূর্বকার বিভিন্ন ঘোষণা সময়মত কার্যকর না হওয়ায় বিস্ময় প্রকাশ করেন। তিনি সারা দেশে এক ও অভিন্ন কলেজ শিক্ষা ব্যবস্থা চালু করার দাবী জানান।

014